



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ(শর্টকোর্স শাখা)

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭



Web site : www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৮/১০০২

তারিখ : ২২-০৩-২০১৮ খ্রিঃ

পুনঃ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা (৩ ও ৬ মাস) মেয়াদি কোর্সের (জুলাই-ডিসেম্বর ও অক্টোবর-ডিসেম্বর ২০১৭ সেশন) ২০১৭ সনের ৩ ও ৬ মাস মেয়াদি পরীক্ষা এবং সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (জুলাই-ডিসেম্বর ২০১৭ সেশন) পরীক্ষার ফলাফল ০৫-০৩-২০১৮ তারিখে পরীক্ষা পরিষদের সুপারিশ মোতাবেক বোর্ডের অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হয়েছে। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসংগতি বা অনভিপ্রেতঃ ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে তা পরিবর্তন, সংশোধন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/সংশোধনের জন্য যে সকল শিক্ষার্থী অনলাইন (Online) আবেদন করবে তাদের হাজিরাসিট, শিরোনাম পত্র, টিসি/পিসি/পিএফ নম্বর ও প্রকাশিত ফলাফলের হার্ডকপি সত্যায়নসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অবশ্যই আগামী ২৯ মার্চ ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট তথ্যাদি প্রতিষ্ঠান প্রধানের সত্যায়নসহ ডাকযোগে অথবা স্বহস্তে জমা দেওয়া যাবে। নির্ধারিত সময়ের পরে এ ধরনের কোন আবেদন বিবেচনা করা হবে না। এখানে উল্লেখ্য যে, অনলাইন (Online) ব্যতীত উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন গ্রহণযোগ্য নয় এবং প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থী কর্তৃক কোন আবেদন গ্রহণ করা হবে না।

২২/০৩/২০১৮

(ড.সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭

ফোন : ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮